গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা
www.ngoab.gov.bd

মুজিব বর্ষের অঙ্গীকার
বৈদেশিক অনুদানের যথাযথ ব্যবহার

স্মারক নম্বর-০৩.০৭.২৬৬৬.৬৬৫.৬৮.০৬৩.২১- ২৭৭ তারিখঃ ১৩ এপ্রিল ২০২২ খ্রিঃ

বিষয়ঃ 'সোসাইটি ফর সোশ্যাল এন্ড টেকনোলজিক্যাল সাপোর্ট (এসএসটিএস)' নামীয় সংস্থার বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের মধ্যে জরুরী ত্রাণ (এফডি-৭) শীর্ষক কার্যক্রম পরিচালনার অনুমোদনসহ অর্থ গ্রহণ ও ব্যয়ের অনুমতি।

সূত্রঃ সংস্থার ০৩/০৪/২০২২ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সংস্থার আবেদনের প্রেক্ষিতে ০৭/০৪/২০২২ হতে ৩১/০৮/২০২২ পর্যন্ত সময়ে কক্সবাজার জেলার উখিয়া উপজেলায় বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের মধ্যে "Co-Operation For Self Purification" শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের জন্য=৭৫,২০,০০০/-(পঁচাত্তর লক্ষ বিশ হাজার) টাকা নিম্নোক্ত শর্তে গ্রহণ ও ব্যয়ের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

শর্তঃ

(ক) অনুমোদিত এফডি-৭ অনুযায়ী সকল সামগ্রী (প্রযোজ্য ক্ষেত্রে) নিয়ে সংশ্লিষ্ট এনজিও কে জেলা প্রশাসক, কক্সবাজার এর নিকট রিপোর্ট করতে হবে। প্রতি পাতায় এনজিও বিষয়ক ব্যুরোর কর্মকর্তা কর্তৃক অনুস্বাক্ষরিত এফডি-৭ এর কপি আবশ্যিকভাবে শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক কক্সবাজার, বরাবর দাখিল করতে হবে। জেলা প্রশাসক এর তত্ত্বাবধানে ও নির্দেশনামতে কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।

(খ) প্রকল্পভুক্ত কর্মীদের নামের তালিকা শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর দাখিল করতে হবে। এর অতিরিক্ত কোনো কর্মীকে কার্যক্রমে সম্পৃক্ত করা যাবে না।

(গ) কার্যক্রমে সংযুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী/স্বেচ্ছাসেবকদেরকে এনজিও' কর্তৃপক্ষ কর্তৃক সরবারহকৃত পরিচয়পত্র দৃশ্যমানভাবে ব্যবহার নিশ্চিত করতে হবে।

(ঘ) শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার এর নিকট দাখিলকৃত এফডি-৭ এর প্রাপ্তি স্বীকারপত্র ১৫ (পনের) দিনের মধ্যে ব্যুরোতে দাখিল করতে হবে।

(ঙ) কর্মসূচি বাস্তবায়নে ১৫ (পনের ) দিনের মধ্যে সমাপনী প্রতিবেদন, স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র এবং ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অডিট রিপোর্ট ব্যুরোতে দাখিল করতে হবে।

(চ) চিকিৎসা ও জরুরী সেবা প্রদানকারী সংস্থাসমূহ ব্যতীত কোন এনজিও সন্ধ্যার পর আশ্রয় শিবিরে কার্যক্রম পরিচালনা করতে পারবেনা।

(ছ) এনজিওদের কার্যক্রম মানবিক সহায়তার মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে।

(জ) সংস্থা/প্রকল্পের কোন কর্মকর্তা-কর্মচারী প্রকল্প বাস্তবায়নকালে রাষ্ট্র/সরকার/প্রত্যাবাসন বিরোধী কর্মকান্ডে জড়িত হতে পারবে না।

(ঝ) প্রকল্প ব্যয়ের উপর জাতীয় রাজস্ব বোর্ডের নীতিমালা অনুযায়ী বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করে সরকারি কোষাগারে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে ।

(ঞ) জেলা প্রশাসন, কক্সবাজার এবং শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার কর্তৃক প্রণয়নকৃত চাহিদাপত্রের আলোকে জরুরি ত্রাণ প্রকল্পের পণ্য/সেবা সামগ্রী উল্লেখপূর্বক তালিকা অনুযায়ী প্রকল্প প্রস্তাব দাখিল করতে হবে।

(ট) জরুরী ত্রাণ প্রকল্পে কর্মী বা শ্রমিক নিয়োগের ক্ষেত্রে যথাসম্ভব বাংলাদেশী নাগরিকদের অগ্রাধিকার দিতে হবে। কোন অবস্থাতেই রোহিঙ্গা নাগরিকদের নিয়োগ করা যাবে না।

(ঠ) সংস্থার ব্যাংকের মাদার একাউন্টে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদিত অর্থ ব্যতীত অন্য কোন সংস্থার অর্থ কোন ভাবেই জমা রাখা যাবে না।

(ড) প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশের জন্য ঝুঁকিপূর্ণ (যেমন-বৃক্ষনিধন/ পুকুর/ খালভরাট) কোনরুপ কাজ করা যাবে না।

(ঢ) জরুরী ত্রাণ কর্মসূচিতে যে কোন মেরামত / সংস্কার কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে প্রকল্প প্রস্তাব দাখিলের পূর্বে জেলা প্রশাসন/ শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের প্রত্যয়ন গ্রহণ করতে হবে।

(ণ) প্রকল্পের তথ্য সংস্থার Website এ প্রকাশ করতে হবে।

০২। ছাড়কৃত অর্থ দাতা সংস্থা 'Rahman International Society-Kuwait'-এর নিকট হতে এক্সিম ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা, হিসাব নং-০১৫১৩১০০০৩১৬৯৯-(মাদার একাউন্ট)-এর মাধ্যমে গ্রহণ করে বিধি মোতাবেক ব্যয়ের হিসাব সংরক্ষণ করতে হবে।

Setu ১৩/০৪/২০২২
সাজিয়া সিদ্দিকা সেতু
এসাইনমেন্ট অফিসার
(সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৫৫০০৭৩৯২
ao4@ngoab.gov.bd

কান্ট্রি ডিরেক্টর
সোসাইটি ফর সোশ্যাল এন্ড টেকনোলজিক্যাল সাপোর্ট (এসএসটিএস)
বাড়ি নং-২৪ (২য় তলা), সড়ক-১০, সেক্টর-৬
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

স্মারক নম্বর-০৩.০৭.২৬৬৬.৬৬৫.৬৮.০৬৩.২১- তারিখঃ ১৩ এপ্রিল ২০২২ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা/ সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
০৪। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার (স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র ব্যুরোতে প্রেরণ করে সংস্থাকে অনুলিপি দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
০৬। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
০৭। উপ-পরিচালক (পওনি), এনজিও বিষয়ক ব্যুরো।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া, কক্সবাজার।
০৯। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (সংশ্লিষ্টদের নিকট ই-মেইলে প্রেরণসহ তথ্য Website এ প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১০। ম্যানেজার, এক্সিম ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা [তাঁকে ছাড়কৃত=৭৫,২০,০০০/-(পঁচাত্তর লক্ষ বিশ হাজার) টাকা সংস্থাকে প্রদান করার জন্য অনুরোধ করা হলো]।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। পরিচালক মহোদয়ের (প্র-২) ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি/ মাস্টার কপি।

সাজিয়া সিদ্দিকা সেতু
এসাইনমেন্ট অফিসার

## ফরম এফ ডি-৭

[দূর্যোগে ক্ষতিগ্রস্তদের জন্য জরুরী ত্রাণ কার্যক্রম/প্রকল্প এর ক্ষেত্রে প্রযোজ্য]

বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমান নাগরিকদের কক্সবাজারস্থ ক্যাম্পে মানবিক সহায়তা **Co-Operation For Self Purification** শীর্ষক পবিত্র রমজান মাসে ইফতার কার্যক্রম বাস্তবায়ন।

১. এনজিওর নাম ঃ <u>সোসাইটি ফর সোস্যাল এন্ড টেকনোলজিক্যাল সাপোর্ট (এসএসটিএস)</u>

২. বিতরণের জন্য প্রস্তাবিত ত্রাণ সামগ্রীর বর্ণনা (আনুমানিক মূল্যসহ) ঃ

ক্যাম্পের উপকারভোগীদের সুবিধার্থে ক্যাম্প ইনচার্জদের নির্দেশিত স্থানে ৪০০০ (চার হাজার) পরিবারের জন্যে খাদ্য সামগ্রী ইফতার হিসেবে বিনামূল্যে সরবরাহ কার্যক্রম বাস্তবায়ন।

(টাকায়/হাজার)

| ক্রমিক নং | দ্রব্যাদী/ বর্ণনা | একক বর্ণনা | পরিমাণ | মাস | একক মূল্য | মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | জুস (Tang 500 gram) | প্যাকেট | ৪০০০ প্যাকেট | ০১ | ৩৪০/- | ১৩,৬০,০০০/- |
| ০২. | ছোলা বুট (প্রতি পরিবার ০২ কেজি করে) | সংখ্যা | ৮,০০০ কেজি | ০১ | ৮৫/- | ৬,৮০,০০০/- |
| ০৩. | লাচ্ছা সেমাই (প্রতি পরিবার ০২ প্যাকেট করে) | প্যাকেট | ৮,০০০ প্যাকেট | ০১ | ৩৫/- | ২,৮০,০০০/- |
| ০৪. | স্টিক নুডুলস (প্রতি পরিবার ০৪ প্যাকেট করে) | প্যাকেট | ৮,০০০ প্যাকেট | ০১ | ২০/- | ১,৬০,০০০/- |
| ০৫. | খেজুর (প্রতি পরিবার ০২ কেজি করে) | সংখ্যা | ৮,০০০ কেজি | ০১ | ১২০/- | ৯,৬০,০০০/- |
| ০৬. | গুড় (প্রতি পরিবার ০১ কেজি করে) | সংখ্যা | ৪,০০০ কেজি | ০১ | ৮৫/- | ৩,৪০,০০০/- |
| ০৭. | চিড়া | সংখ্যা | ৮,০০০ কেজি | ০১ | ৪৫/- | ৩,৬০,০০০/- |
| ০৮. | মুরগী (প্রতি পরিবার ০২ কেজি) | সংখ্যা | ৮,০০০ কেজি | ০১ | ২৫০/- | ২০,০০,০০০/- |
| ০৯. | চিনি (প্রতি পরিবার ০২ কেজি) | সংখ্যা | ৮,০০০ কেজি | ০১ | ৮৫/- | ৬,৮০,০০০/- |
| | প্রাক মোট | | | | | ৬৮,২০,০০০/- |
| | যানবাহন/পরিবহন খরচ/লেবার | | | | | ৪,৫০,০০০/- |
| | কার্টুন ও ব্যাগ | সংখ্যা | প্যাকেট | ১৫/- | | ১,৩৫,০০০/- |
| | রিপোর্টিং,প্রশাসনিক ব্যয় ইত্যাদি | | | | | ১,১৫,০০০/- |
| | প্রাক -মোট | | | | | ৭,০০,০০০/- |
| | সর্বমোট | | | | | ৭৫,২০,০০০/- |

( পঁচাত্তর লক্ষ বিশ হাজার টাকা মাত্র)

১৩/০৪/২০২২

১৩/০৪/২০২২

৩. অর্থ বা ত্রাণ-সামগ্রীর উৎস ঃ

ক. বৈদেশিক অনুদানের ক্ষেত্রে নিম্নলিখিত তথ্যাদি সংযুক্ত করুন

অ. দাতা সংস্থার বার্তা/ প্রতিশ্রুতিপত্র - সংযুক্ত করা হলো।

আ. দাতা সংস্থার বিবরণ

- প্রধান নির্বাহী কর্মকর্তা/দাতার নাম Mr.Dogan Recep. Regional Director
- দাতাসংস্থার নাম : RAHMA INTERNATIONAL SOCIETY -KUWAIT
- যোগাযোগের ঠিকানা ঃ
  - RAHMA INTERNATIONAL SOCIETY.
    হাওয়ালী সেক্টর # ৩, কায়রো স্ট্রীট,সানাবেল কমপ্লেক্স, ফ্রন্ট অব শিহাব সেক্টর, ৮ম তলা, পোঃ বক্সঃ ৬৬৭২৩,পো.কোডঃ ৪৩৭৫৮, কুয়েত।
- টেলিফোন ও ফ্যাক্সঃ 0096 52 26 75 600
- ইমেইল এবং ওয়েব সাইট ঃ www.khaironline.net / aas95kw@gmail.com
- মানিলন্ডারিং এবং সন্ত্রাসের অর্থায়ন প্রতিরোধের নিমিত্ত United Security Councils Resulation (UNSCR) কর্তৃক প্রকাশিত তালিকার সঙ্গে দাতা সংস্থার /ব্যক্তির তথ্য যাচাই করা হয়েছে কিনা?
  - হয়েছে।
- উক্ত তালিকাভূক্ত সংস্থার /ব্যক্তির সাথে দাতা সংস্থার সংশ্লিষ্টতা আছে কি না?
  - নেই

ঈ. কেটে আনা অর্থের বিষয়ে চলমান প্রকল্পের দাতার সাথে কি আলোচনা হয়েছে? যদি হয় তাহলে দাতার বক্তব্য/সম্মতি দাখিল করুন ঃ প্রযোজ্য নহে।

৪. প্রকল্প এলাকাঃ

| ক্রমিক নং | জেলা | উপজেলা | ইউনিয়ন | | উপকারভোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১ | কক্সবাজার | উখিয়া | কুতুপালং অস্থায়ী ক্যাম্প | ক্যাম্প -৪<br>ক্যাম্প -৫<br>ক্যাম্প -৬ | ৪০০০ (চারহাজার) পরিবার |
| | | | বালুখালী অস্থায়ী ক্যাম্প | ক্যাম্প -১০,১১,১২ | |
| | | | জামতলী , থাইংখালী | ক্যাম্প -১৩ | |

টীকা ঃ স্থানীয় কর্তৃপক্ষ/ জেলা প্রশাসক সুষ্ঠু সমন্বয় ও সুষমবন্টনের স্বার্থে প্রকল্প এলাকা পরিবর্তন করার ক্ষমতা রাখে।

30/08/2022

30/08/2022

৫. ত্রাণ কার্যক্রম কিভাবে বাস্তবায়িত হবে তার বিবরণ দিন। (এটি যতদূর সম্ভব সুস্পষ্ট করুন যাতে কর্তৃপক্ষ প্রয়োজন করে তখন তদারকি/পরিবীক্ষণ করতে পারে)। সংলগ্নী - ক - তে রক্ষিত ছকের মাধ্যমে এনজিওগুলো আবশ্যিকভাবে সচিব, ত্রাণ ও খাদ্য বিভাগ, বাংলাদেশ সচিবালয়, মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে সাপ্তাহিক অগ্রগতি জ্ঞাপন করবে।

- জেলা প্রশাসন, কক্সবাজার এর নির্দেশনা অনুযায়ী ক্ষতিগ্রস্থ বলপূর্বক বিতাড়িত ক্যাম্পের বিভিন্ন পয়েন্টে উপকারভোগীদের সুবিধার্থে ক্যাম্প ইনচার্জদের নির্দেশিত স্থানে ২৩০০ (তেইশ শত) ব্যাগ খাদ্য দ্রব্য ইফতার হিসেবে সরবরাহ কার্যক্রম বাস্তবায়ন।

৬. কার্যক্রমের মেয়াদকাল ঃ

ক. আরম্ভ করার তরিখ ঃ ০৭/০৪/২০২২ ইং
খ. সমাপ্ত করার তারিখ ঃ ৩১/০৮/২০২২ ইং

৭. প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য প্রাসঙ্গিক তথ্য দিন (ভবিষ্যতে পরিকল্পনাসহ যদি থাকে) ঃ

ঘোষণা

আমি এই মর্মে ঘোষণা করছি যে আমাদের দ্বারা সরবরাহকৃত উপরোক্ত বিবরণ সত্য এবং সঠিক। আমি/আমরা স্থানীয় প্রশাসনকে ত্রাণ কার্যক্রম এবং কর্মএলাকা সম্পর্কে অবহিত করে এবং স্থানীয় প্রশাসনের সাথে কার্যক্রম সমন্বয় করে কার্যক্রমের দ্বৈততা পরিহার করব। সংলগ্নী - ক ফরম ব্যবহার করে কার্যক্রমের সাপ্তাহিক অগ্রগতি প্রতিবেদন সরবরাহ করব। আমি/আমরা কার্যক্রম সম্পন্ন হওয়ার ২ মাসের মধ্যে অডিট প্রতিবেদন এবং কার্যক্রম সম্পন্ন প্রতিবেদন সংশ্লিষ্ট সকলকে অবহিত করব মর্মে ঘোষণা করছি।

( ড.সাইদ সাবরী রাগিব আলী)

স্বাক্ষর

কান্ট্রি ডিরেক্টর

তারিখ ঃ ২৯/০৩/২০২২ ইং

20/08/2022

20/08/2022